



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
রেজিস্ট্রারের কার্যালয়  
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ইউজিসি(পার্ট-৩)/২০২০/১০৯৫০


তারিখ : ১৩.০৭.২০২১খ্রি.

### অফিস আদেশ

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণরোধ ও স্বাস্থ্যঝুঁকি এড়াতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহের নিমিত্ত বর্ণিত লিংক <http://vaccine.iau.edu.bd/reg> এ প্রদত্ত ছক পূরণ করে আগামী ২০ জুলাই ২০২১ খ্রি. তারিখের মধ্যে Submit করার জন্য বলা হলো।

এমতাবস্থায় বিষয়টি জাতীয় জনগুরুত্বপূর্ণ ও জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরী বিবেচনায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কে স্ব স্ব মাদরাসার শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা গ্রহণের লক্ষ্যে প্রদত্ত ছক শিক্ষার্থী/মাদরাসা কর্তৃক পূরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপাচার্যের অনুমোদনক্রমে

  
(ড. মোঃ আরিফুর রহমান)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১  
iauregistr@gmail.com

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
সকল ফাজিল ও কামিল মাদরাসা।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ইউজিসি(পার্ট-৩)/২০২০/১০৯৫০

তারিখ : ১৩.০৭.২০২১খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি (সকল ফাজিল ও কামিল মাদরাসা)।
২. উপাচার্যের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. অফিস নথি।

  
১৩.০৭.২০২১  
(ফাহাদ আহমদ মোমতাজী)  
সহকারী রেজিস্ট্রার